# Bangladesh Petroleum Corporation

B S C BHABAN, SALTGOLA ROAD, POST BOX NO. 2025, CHITTAGONG-4100


সূত্র নং- ৩৬.১০/বিপণন/ ৪৯১৪ তারিখ ঃ ১০-০৭-২০১২ খ্রিঃ।

ব্যবস্থাপনা পরিচালক
যমুনা অয়েল কোম্পানী লিঃ
পদ্মা অয়েল কোম্পানী লিঃ
মেঘনা পেট্রোলিয়াম লিঃ
চট্টগ্রাম।

বিষয় ঃ <u>জুট ব্যাচিং অয়েল (জেবিও) বিপণন/সরবরাহ নীতিমালা</u>।

মহোদয়,

জুট ব্যাচিং অয়েল (জেবিও) এর বিক্রয় ধারা যুগোপযোগী করে প্রকৃত গ্রাহক/ব্যবহারকারী/জুট মিলস্ এ সুষ্ঠুভাবে সরবরাহ নিশ্চিতকল্পে নিম্নোক্ত পদ্ধতি/নীতিমালা অনুসরণ করে যথানিয়মে জুট ব্যাচিং অয়েল (জেবিও) সরবরাহ প্রক্রিয়া অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল ঃ

১) তেল বিপণন কোম্পানী কর্তৃক প্রকৃত গ্রাহক/ব্যবহারকারী অর্থাৎ; দেশের বিভিন্ন জুট মিলে জুট ব্যাচিং অয়েল (জেবিও) সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে একটি কমিটি গঠনসহ সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে "ভিজিল্যান্স টিম" গঠনপূর্বক সংস্থা'কে অবহিত করতে হবে। এ "ভিজিল্যান্স টিম" প্রয়োজনে প্রস্তাবিত জুট মিল সরেজমিনে পরিদর্শন করে অস্তিত্ব ও মাসিক প্রকৃত চাহিদা নিরূপণ করবে ;

২) প্রকৃত গ্রাহক/ব্যবহারকারী/জুট মিলস্ তাদের নিজস্ব অনুমোদিত প্যাডে জুট ব্যাচিং অয়েল (জেবিও) ব্যবহারের প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক পরিমাণসহ সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করতে হবে ;

৩) পেশকৃত আবেদনে হালনাগাদ টিআইএন সার্টিফিকেট, ভ্যাট সার্টিফিকেট, আয়কর সার্টিফিকেট ও ট্রেড লাইসেন্সসহ বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন/বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশন সদস্যভুক্তির প্রমাণপত্র ইত্যাদির সত্যায়িত কপি থাকতে হবে।

৪) প্রকৃত ব্যবহারকারী নিশ্চিতকল্পে বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন এর সদর দপ্তর, ঢাকা থেকে বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন/বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশনের প্রকৃত সদস্যভুক্তির তালিকা সংগ্রহসহ জুট মিলস্ মালিকের নাম, টেলিফোন/মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ইত্যাদি প্রেরণের জন্য অনুরোধ করতে হবে ;

৫) বিপণন কোম্পানী কর্তৃক গঠিত কমিটির সুপারিশ সম্বলিত আবেদন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর যথানিয়মে জুট ব্যাচিং অয়েল (জেবিও) সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

৬) আবেদনকারী জুট মিলস্/ব্যবহারকারী বিপণন কোম্পানী থেকে সংগৃহীত/উত্তোলিত পরিমাণ জুট ব্যাচিং অয়েল (জেবিও) মজুদ রাখার ক্ষেত্রে স্টোরেজ সুবিধাদি রয়েছে কিনা তা দেখতে হবে এবং সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর স্থাপনায়/ডিপোতে মজুদ থাকা সাপেক্ষে বরাদ্দ প্রদান করতে হবে ;

৭) দেশে চালু জুট মিলস্ এর চাহিদানুযায়ী জুট ব্যাচিং অয়েল (জেবিও) সরবরাহের লক্ষ্যে পর্যাপ্ত মজুদ গড়ে তোলাসহ তেল বিপণন কোম্পানীর ইনটেন্টের ভিত্তিতে জুট ব্যাচিং অয়েল (জেবিও) উৎপাদনকারী একমাত্র প্রতিষ্ঠান হিসেবে ইস্টার্ণ রিফাইনারী লিঃ'র উৎপাদন বৃদ্ধির বিষয়ে তদারকি ও মনিটরিং ব্যবস্থা অব্যাহত রাখতে হবে ;

৮) প্রকৃত ব্যবহারকারী অর্থাৎ; বিভিন্ন জুট মিলে জুট ব্যাচিং অয়েল (জেবিও) সরবরাহের ক্ষেত্রে বিপণন কোম্পানী কর্তৃক সকল ক্ষেত্রে বৈধ প্রতীয়মান হলে সরবরাহতব্য জুট ব্যাচিং অয়েল (জেবিও) এর অগ্রিম মূল্য বাবদ পে-অর্ডার/ডিডি (আবশিকভাবে যাচাই সাপেক্ষে) গ্রহণপূর্বক প্রকৃত ব্যবহারকারী/জুট মিলস্ এর মনোনীত ব্যক্তি/প্রতিনিধিকে (*মনোনীত ব্যক্তি/প্রতিনিধির ছবি ও স্বাক্ষর প্রতিষ্ঠানের মালিক কর্তৃক সত্যায়িত*) যথানিয়মে জুট ব্যাচিং অয়েল (জেবিও) সরবরাহ করতে হবে ;

চলমান পাতা-২/

TELEPHONE : PABX : (031) 716336, FAX : 880-31-724910/880-31-720147

Bangladesh Petroleum Corporation
B.S.C BHABAN, SALTGOLA ROAD, POST BOX NO. 2025, CHITTAGONG-4100



৯) বিপণন কোম্পানীগুলো জুট ব্যাচিং অয়েল (জেবিও) বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাধিকার *(Priority)* নির্ধারণ করবে এবং তা আবশ্যিকভাবে সংস্থা'কে অবহিত করতে হবে ;

১০) বিভিন্ন জুট মিলে/ব্যবহারকারীদের নিকট সরবরাহকৃত জুট ব্যাচিং অয়েল (জেবিও) যথাযথ ব্যবহার হচ্ছে কিনা তা বিপণন কোম্পানীর সংশ্লিষ্ট কর্মকর্তা/আঞ্চলিক ব্যবস্থাপক/বিক্রয় কর্মকর্তার মাধ্যমে বিশেষ করে ভিজিল্যান্স টিমের মাধ্যমে সত্যতা যাচাই করতে হবে ;

১১) প্রকৃত ব্যবহারকারী/জুট মিলে সরবরাহকৃত জুট ব্যাচিং অয়েল (জেবিও) এর, ইনভয়েস/বরাদ্দপত্র/ডেলিভারী চালানের এক প্রস্থ ফটোকপি রেজিস্ট্রার্ডযুক্ত ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট প্রেরণ করতে হবে ;

১২) বিপণন কোম্পানী কর্তৃক সরবরাহকৃত জুট ব্যাচিং অয়েল (জেবিও) এর গুণগতমান ও পরিমাণ সঠিক আছে কিনা তা মনিটরিং করতে হবে ;

১৩) এক বিপণন কোম্পানীর মনোগ্রাম সম্বলিত ভাউজার/ট্যাংকলরী অন্য বিপণন কোম্পানীর ইনস্টলেশন/ডিপো থেকে জুট ব্যাচিং অয়েল (জেবিও) পরিবহন করতে পারবে না ;

১৪) বিপণন কোম্পানী কর্তৃক সরবরাহকৃত জুট-ব্যাচিং অয়েল (জেবিও) এর জুট মিলস্-ভিত্তিক/পরিমাণ-ভিত্তিক তালিকা সম্বলিত মাসিক প্রতিবেদন সংস্থার বিপণন বিভাগে ও বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন এর প্রধান কার্যালয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে ;

১৫) জুট ব্যাচিং অয়েল (জেবিও) সরবরাহের ক্ষেত্রে সংস্থা কর্তৃক মনিটরিং ব্যবস্থা অব্যাহত থাকবে। কোন অনাকাংখিত পরিস্থিতির উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে সংস্থা'কে অবহিত করতে হবে।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

২৪/৭/১৮

(মোঃ আবু হানিফ)
মহাব্যবস্থাপক (বন্টন ও বিপণন)

বিতরণ ঃ

ব্যবস্থাপনা পরিচালক
ইস্টার্ণ রিফাইনারী লিঃ
চট্টগ্রাম।

অনুলিপি ঃ

১। সচিবের একান্ত সচিব
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যানের একান্ত সচিব, বিপিসি, চট্টগ্রাম।
৩। পরিচালক (অর্থ/অপাঃ ও পরিঃ/বিপণন) এর ব্যক্তিগত সহকারী, বিপিসি, চট্টগ্রাম।
৪। সচিবের ব্যক্তিগত সহকারী, বিপিসি, চট্টগ্রাম।

TELEPHONE : PABX : (031) 716336, FAX : 880-31-724910/880-31-720147